



স্মারক নং: ৬০২

তারিখ: ২০/১০/২০২৪ খ্রিস্টাব্দ

“নিলাম বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “সরকারি কলেজসমূহে বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ প্রকল্প” এর অধীনে বরিশাল সরকারি মহিলা কলেজ, বরিশাল এ ছয়তলা বিশিষ্ট একটি একাডেমিক ভবন নির্মাণ হতে যাচ্ছে। উক্ত ভবনের লে-আউটে মেহগনি ২০ টি, নারিকেল ১৫ টি, আম ০৩ টি, রাজকড়ই ০১ টি, কাঠ বাদাম ০১ টি, জারুল ০১ টি, অর্জুন ০১ টি সর্বমোট ৪২ টি গাছ (যেখানে যে অবস্থায়) নিলাম ডাকের মাধ্যমে বিক্রয় করা হবে। উক্ত প্রকাশ্য নিলাম ডাক আগামী ২৮/১০/২০২৪ খ্রিস্টাব্দে সকাল ১১:০০ টায় বরিশাল সরকারি মহিলা কলেজ, বরিশাল এ অনুষ্ঠিত হবে। ইচ্ছুক ক্রেতা/ এস.এ ঠিকাদার/ সাধারণ ব্যবসায়ীদের উক্ত তারিখে যথাসময়ে উপস্থিত হয়ে প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

শর্তাবলী

০১. নিলাম ডাককারীকে আগামী ২৮-১০-২০২৪ তারিখ সকাল ১১:০০ ঘটিকার পূর্বে 'বরিশাল সরকারি মহিলা কলেজ, বরিশাল' অফিস কক্ষে হাজির হয়ে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে।
০২. প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণকারীর জাতীয় পরিচয়পত্র/ স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর বা ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, ০১ (এক) কপি রঙিন ছবি এবং হালনাগাদ ট্রেড লাইসেন্সের কপি, হালনাগাদ আয়কর প্রত্যয়ন সার্টিফিকেট দাখিল করতে হবে।
০৩. প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণের সময় অধ্যক্ষ, বরিশাল সরকারি মহিলা কলেজ, বরিশাল – এর অনুকূলে নগদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (ফেরৎযোগ্য) জামানত হিসেবে জমাদানপূর্বক ডাকে অংশগ্রহণ করতে হবে।
০৪. দুপুর ১২.০০ টা পর্যন্ত ডাকে অংশগ্রহণের ফরম গ্রহণ/তালিকাভুক্ত করা যাবে। নির্ধারিত সময়ের পর কোন ডাককারীর জামানত গ্রহণ করা হবে না এবং জামানত ব্যতিরেকে কেউ নিলাম ডাকে অংশগ্রহণ করতে পারবেন না।
০৫. প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণকারী সর্বোচ্চ দরদাতা কর্তৃক ডাক সমাপ্তি শেষে মোট মূল্যের ৫০% টাকা এবং কার্যাদেশ প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে অবশিষ্ট টাকা, ভ্যাট ১৫% হারে ও উৎস কর ৫% হারে অর্থাৎ সমুদয় টাকা পরিশোধ করতে হবে। অন্যথায় তার জামানতসহ সমুদয় অর্থ বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
০৬. কার্যাদেশ প্রদানের ০৩ (তিন) দিনের মধ্যে “বরিশাল সরকারি মহিলা কলেজ, বরিশাল” হতে নিলামকৃত গাছসমূহ অপসারণ করতে হবে।
০৭. গাছসমূহ অপসারণের সময় “বরিশাল সরকারি মহিলা কলেজ, বরিশাল” এর ডাকের আওতা ব্যতীত অন্য গাছ, রাস্তা বা দেয়ালের ক্ষয়-ক্ষতি হলে তার দায়-দায়িত্ব দরদাতাকে বহন করতে হবে।
০৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম ডাকের তারিখ ও সময় বা যে কোন ধরনের পরিবর্তন কিংবা বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

(প্রফেসর মোঃ আসাদুজ্জামান)

অধ্যক্ষ

বরিশাল সরকারি মহিলা কলেজ, বরিশাল

তারিখ:

স্মারক নং:

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে-

০১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০২. জেলা প্রশাসক, বরিশাল।
০৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বরিশাল অঞ্চল, বরিশাল।
০৪. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বরিশাল জোন, বরিশাল (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে বুলিয়ে রাখার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৫. বিভাগীয় বন কর্মকর্তা, বরিশাল (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে বুলিয়ে রাখার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৬. অধ্যক্ষ, সরকারি বি.এম. কলেজ, বরিশাল।
০৭. অধ্যক্ষ, সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল।
০৮. অধ্যক্ষ, সরকারি বরিশাল কলেজ, বরিশাল।
০৯. থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, বরিশাল।



(প্রফেসর মোঃ আসাদুজ্জামান)

অধ্যক্ষ

বরিশাল সরকারি মহিলা কলেজ, বরিশাল

প্রফেসর মোঃ আসাদুজ্জামান (৩৩১৭)

অধ্যক্ষ

বরিশাল সরকারি মহিলা কলেজ
বরিশাল